

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 10-09-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Vice-President Election :**

ভারতের পঞ্চদশ উপরাষ্ট্রপতি হচ্ছেন এনডিএ প্রার্থী ও মহারাষ্ট্রের বর্তমান রাজ্যপাল সি. পি. রাধাকৃষ্ণন। তিনি আই.এন.ডি.আই.এ জোটের প্রার্থী সুপ্রিম কোর্টের প্রাঙ্গন বিচারপতি বি. সুদর্শন রেড্ডি'কে ১৫২ ভোটের ব্যবধানে পরাজিত করেছেন। উপ-রাষ্ট্রপতি নির্বাচনে সংসদের উভয় কক্ষের সদস্যরা গতকাল তাঁদের ভোটাধিকার প্রয়োগ করেন। এই জয়ের জন্য রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ অন্য বিশিষ্টজনেরা শ্রী রাধাকৃষ্ণন অভিনন্দন জানিয়েছেন।

\*\*\*\*\*

**Exhibition on three new law's:**

হাঁপানিয়ার ইনডোর প্রদর্শনী হলে আজ থেকে শুরু হচ্ছে নতুন তিন ফোজদারি আইন শীর্ষক রাজ্যভিত্তিক প্রদর্শনী। পাঁচদিনব্যাপী প্রদর্শনীর উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। প্রদর্শনীতে নতুন তিন ফোজদারি আইন সম্পর্কে জনগনকে সচেতন করতে বিভিন্ন কর্মসূচি তুলে ধরা হবে। এছাড়া এই আইন প্রয়োগে রাজ্যের সফলতাও তুলে ধরা হবে।

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল হিমাচল প্রদেশ ও পাঞ্জাবের বন্যা পরিস্থিতি আকাশপথে পরিদর্শন করেন এবং পর্যালোচনা বৈঠক করেন। বন্যায় ক্ষতিগ্রস্ত

পাঞ্জাবের জন্য প্রধানমন্ত্রী ১ হাজার ৬০০ কোটি এবং হিমাচল প্রদেশের জন্য ১ হাজার ৫০০ কোটির আর্থিক সহায়তা প্রদানের কথা ঘোষনা করেছেন। এছাড়া শ্রী মোদী প্রত্যেক মৃত ব্যক্তির নিকট আঞ্চীয়ের জন্য ২ লক্ষ টাকা এবং গুরুতর আহতদের জন্য মাথাপিছু ৫০ হাজার টাকা করে অনুদান ঘোষনা করেন। ব্যায় অনাথ হওয়া শিশুদের পিএম কেয়ার্স ফর চিলড্রেন প্রকল্পের আওতায় সহায়তা করা হবে। তিনি এন.ডি.আর.এফ এবং এস.ডি.আর.এফ জওয়ানদের পাশাপাশি বন্দর্তদের সঙ্গেও গতকাল মতবিনিময় করেন।

\*\*\*\*\*

### **CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলার পূর্বাশার আরবান হাটে ৫ দিন ব্যাপী জাতীয় সংহতি শিবিরের উদ্বোধন করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন যুব ও জীড়া বিষয়ক মন্ত্রী টিক্সু রায়। এই শিবিরে ১৮টি রাজ্য থেকে মোট ৩৬৮ জন স্কাউটস এন্ড গাইডস অংশগ্রহণ করছেন।

\*\*\*\*\*

### **Minister Santona Chakma :**

ও.বি.সি কল্যাণ মন্ত্রী শান্তনা চাকমা গতকাল উনকোটি জেলার পেঁচারথল রুক কার্যালয়ে একটি পর্যালোচনা বৈঠকে পৌরহিত্য করেন। বৈঠকে পাণীয়জল, রাস্তাঘাট, প্রাণীপালন, মৎস্যচাষ, ত্রিপুরা গ্রামীণ আ-জীবিকা মিশন সহ সরকারি বিভিন্ন প্রকল্প ও যোজনার বাস্তবায়ন নিয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন, পেঁচারথল B.A.C'র চেয়ারম্যান সজল চাকমা, ত্রিপুরা গ্রামীণ আ-জীবিকা মিশন বা T.R.L.M'র মুখ্য কার্যনির্বাহী আধিকারিক তড়িৎ কান্তি চাকমা, উনকোটি জেলার জেলা শাসক উক্তর তমাল মজুমদার প্রমুখ।

\*\*\*\*\*

## **Women Rural Haat :**

অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায় গতকাল জামজুরি বাজারে হারাধন স্মৃতি গ্রামীণ মহিলা হাটের উদ্বোধন করেন। এম জি এন রেগা প্রকল্পে অর্থানুকূলে এই গ্রামীণ মহিলা হাটটি নির্মানে ব্যয় হয়েছে ৪২ লক্ষ টাকা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক জিতেন্দ্র মজুমদার প্রমুখ।

\*\*\*\*\*

## **GST- CONSTRUCTION SECTOR:**

জিএসটি কাউন্টিল পণ্য ও পরিষেবা কর হার যুক্তিসংগতকরণে অনুমোদনের মাধ্যমে আরও জনমুখী অর্থনীতি তৈরির প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গি গত ৩৩ সেপ্টেম্বরের সিদ্ধান্তে বাস্তবায়িত করেছে। আজ আবাসন ক্ষেত্রে গৃহীত সংস্কারগুলি পর্যালোচনা করা যাক। আকাশবাণীর সংবাদদাতা জনিয়েছেন, সরকার গুরুত্বপূর্ণ নির্মাণ সামগ্রীর উপর জিএসটি হার ত্রুস করে আবাসন ও নির্মাণক্ষেত্রে বড় স্বত্ত্ব ঘোষণা করেছে। সিমেন্ট, যা আগে ২৮ শতাংশ জিএসটি লাগতো, এখন তাতে ১৮ শতাংশ কর আরোপ করা হবে। মার্বেল, গ্রানাইট ইত্যাদি এবং বালি-চুন-ইটের মতো জিনিসপত্রের উপর করের হার ১২ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করা হয়েছে। এই পদক্ষেপে নির্মাণ সামগ্রী সস্তা হবে বলে আশা করা হচ্ছে, যার ফলে বাড়ি এবং পরিকাঠামো প্রকল্পের সামগ্রিক ব্যয় ত্রুস পাবে। এটি জনগণের বাড়ি কেনা বা নির্মাণের জন্য অযুক্তমতা বৃদ্ধি করবে।

\*\*\*\*\*

## **Mayor :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার পুর এলাকায় দুর্গাপুজার মন্ত্রপ্রাঙ্গণে সামাজিক সচেতনতামূলক প্রচারের আয়োজন করার জন্য পূজো

উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি জানান, অন্যান্য বছরের মতো এবছরও পুর নিগমের পক্ষ থেকে বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হবে। তিনি আরো বলেন, পূজোর সময় দর্শনার্থীদের স্বাচ্ছন্দ্যের জন্য আগরতলার পুর এলাকা পরিষ্কার পরিষ্কার রাখা হবে।

\*\*\*\*\*

### **Puja Meeting-Jatrapur :**

আসন্ন দুর্গাপূজা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্য গতকাল সিপাহীজলা জেলার যাত্রাপুর থানা এলাকার পুজো উদ্যোক্তাদের নিয়ে এক প্রশাসনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন সোনামুড়া মহকুমা পুলিশ আধিকারিক শশীমোহন দেববর্মা, যাত্রাপুর থানার ও.সি সিতি কান্ত বর্ধন প্রমুখ।

\*\*\*\*\*

### **CM-ART COLLEGE :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলা লিচুবাগান এলাকায় সরকারি চারু ও কারুকলা মহাবিদ্যালয়ের ৫০ বছর পূর্তি উপলক্ষে পাঁচদিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী ছবি এঁকে অনুষ্ঠানের সূচনা করেন। বর্ষব্যাপী অনুষ্ঠানের অঙ্গ হিসেবে থাকছে প্রদর্শনী সেমিনার, কর্মশালা প্রভৃতি।

\*\*\*\*\*

### **Football:**

চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবলের সুপার লিগের তৃতীয় খেলায় ব্লাডমাউথ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে অনুষ্ঠিত খেলায় ব্লাডমাউথ ক্লাব ৪-১ গোলে এগিয়ে চলো সংঘকে পরাজিত

করে। বিজয়ী দলের পারভেজ ভুঁইয়া হাট্টিক করেন। টানা দুই ম্যাচ জিতে স্লাডমাউথ ক্লাব, ছয় পয়েন্ট নিয়ে সুপার লিগে শীর্ষে উঠে এলো।

\*\*\*\*\*

### **Weather :**

আগরতলা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। বিক্ষিপ্তভাবে দু'এক পশলা বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টিপাতের সন্দৰ্ভে রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাত ০.২ মিলিমিটার।

\*\*\*\*\*

\*\*\*\*\*